

সিলেটে ছাত্রলীগের দুগ্রহপে সংঘর্ষে আহত ৪

নিজস্ব প্রতিবেদক

১ আগস্ট ২০১৯ ০০:০০ | আপডেট: ১ আগস্ট ২০১৯ ০১:৫৩



সিলেটে ছাত্রলীগের দুই গ্রহপে সংঘর্ষে পথচারীসহ অন্তত ৪

জন আহত হয়েছে। গতকাল বুধবার রাত পৌনে ৮টার দিকে নগরীর আখালিয়া নয়াবাজার এলাকায় নগর ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি সুজেল তালুকদার ও রাজনের গ্রহপের মধ্যে এ সংঘর্ষ হয়।

প্রত্যক্ষদর্শীরা জানান, যুবলীগের সদ্য অনুষ্ঠিত সম্মেলন নিয়ে বিরোধের জেরে ছাত্রলীগের উভয় গ্রহপ আগ্রেয়ান্ত্র ও দেশীয় অন্ত্র নিয়ে সংঘাতে জড়ায়। এ সময় উভয় গ্রহপের মধ্যে গোলাগুলি ও হয়।

এ ঘটনায় রাকিব আহমদ নামে এক পথচারী পায়ে গুলিবিদ্ধ হন। এছাড়া উভয় গ্রহপের তিনজন আহত হন। গুলিবিদ্ধ রাকিব আহমদসহ অন্যদেরকে ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালের কর্তব্যরত চিকিৎসকের বরাত দিয়ে জালালাবাদ থানার ওসি ওয়াকিল উদ্দিন জানান, আহতদের মধ্যে মারুফ নামে একজনের অবস্থা আশঙ্কাজনক। তার শরীরে একাধিক অঙ্গেপচার করা হয়েছে।

advertisement